

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ বিভাগ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	: উম্মে সালমা তানজিয়া বিভাগীয় কমিশনার ময়মনসিংহ
সভার তারিখ ও সময়	: ৩১/০৩/২০২৪ খ্রি. দুপুর ১২.০০ টায়
সভার স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-“ক”


সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) কর্তৃক বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
গত সভার কার্যবিবরণী অনুমোদন	গত ২৬/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়।	গত ২৬/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহে কোন সংশোধন/সংযোজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
ত্রৈমাসিক প্রতিবেদন আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আগামী ১৫ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও আপলোড করতে হবে। ২। বিভাগীয় সকল দপ্তরকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের অনুলিপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অর্ধবার্ষিক ফলাবর্তন	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অর্ধবার্ষিক ফলাবর্তনের বিষয়ে আলোচনা হয়।	১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী বিভাগীয় প্রধান এবং জেলা প্রশাসকগণকে আওতাধীন দপ্তরসমূহকে নিয়মিত মনিটরিং এবং অর্ধবার্ষিক বা বার্ষিক ফলাবর্তন প্রদান করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
ই-নথি ও ইনোভেশন	সভায় দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। তাছাড়া যে সকল দপ্তরে ডি-নথি কার্যক্রম নিয়েও আলোচনা করা হয়। প্রতিটি দপ্তরের ইনোভেশন কার্যক্রম পরীক্ষণের বিষয়ে আলোচনা হয়।	১। দাপ্তরিক কাজে ই-নথি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স কর্মপরিকল্পনায় নির্ধারিত সূচক বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং অনুলিপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
এপিএ সংক্রান্ত সকল সভা এবং সিদ্ধান্ত বাস্তবায়ন	কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রত্যেক সভা নিয়মিত আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন	কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রত্যেক সভা নিয়মিত আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা

২

অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত	কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা হয়। ৩য় ত্রৈমাসিক পর্যন্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এপিএমএস সফটওয়্যারে আপলোড দেওয়া হয়েছে।	প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও সফটওয়্যারে আপলোড করতে হবে।	প্রশাসকগণ
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাবতীয় কার্যক্রম এবং তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাবতীয় কার্যক্রম এবং তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে এবং তা হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) ও জেলা প্রশাসকগণ

পরিশেষে সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকলকে যথাযথভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(উম্মে সালমা তানজিয়া)

বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ

ফোন: ০২-৯৯৬৬৬১৪৪৪


ই-মেইল: divcommymensingh@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৮.২১.২৬

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪., সদস্য,
এপিএ সংক্রান্ত বিভাগীয় কমিটি, ময়মনসিংহ বিভাগ।
৫. জেলা প্রশাসক, জামালপুর/শেরপুর/নেত্রকোণা।
৫. অফিস কপি।


(মোঃ আরিফুল ইসলাম)
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ